গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
কর প্রশাসন-৪ শাখা

**স্মারক নম্বর:** ০৮.০১.০০০০.০২২.৯৯.০০৩.২০.২২৯

তারিখ: ১৬ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ
৩০ মে ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: **মন্ত্রণালয়/বিভাগ এবং এর আওতাধীন দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তরসমূহের ১১-২০ গ্রেডের পদে নিয়োগ/পদোন্নতি/উচ্চতর গ্রেড প্রদান বিষয়ক কমিটি।**

সূত্র: জনপ্রশাসন মন্ত্রণালয় এর পত্র নং-০৫.০০.০০০০.১৭০.০৬.১৫.২২-১২৬, তারিখঃ ২৩/০৫/২০২৩ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের মাধ্যমে জারিকৃত পরিপত্র অনুযায়ী ১১-২০ গ্রেডের পদে নিয়োগ/পদোন্নতি/উচ্চতর গ্রেড প্রদান বিষয়ক কমিটি গঠনের পরবর্তী কার্যক্রম গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩০-০৫-২০২৩
মোঃ শামসুদ্দীন
দ্বিতীয় সচিব (কর প্রশাসন-৪)

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মহাপরিচালক, কর পরিদর্শন পরিদপ্তর, ঢাকা এবং বিসিএস (কর) একাডেমি, ঢাকা;
২। কর কমিশনার, কর আপীল অঞ্চল-১/২/৩/৪, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী;
৩। কর কমিশনার, কর অঞ্চল-১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০/১১/১২/১৩/১৪/১৫, ঢাকা;
৪। কর কমিশনার, কর অঞ্চল-১/২/৩/৪ চট্টগ্রাম;
৫। কর কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট/কেন্দ্রীয় কর জরীপ অঞ্চল,ঢাকা এবং
৬। কর কমিশনার, কর অঞ্চল-গাজীপুর/নারায়ণগঞ্জ/ময়মনসিংহ/কুমিল্লা/সিলেট/খুলনা/রাজশাহী/বরিশাল/বগুড়া/রংপুর।

**স্মারক নম্বর:** ০৮.০১.০০০০.০২২.৯৯.০০৩.২০.২২৯/১ (৪)

তারিখ: ১৬ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ
৩০ মে ২০২৩ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সদস্য, কর প্রশাসন ও মানব সম্পদ ব্যবস্থাপনা, জাতীয় রাজস্ব বোর্ড;
২। সদস্য, বোর্ড প্রশাসন, জাতীয় রাজস্ব বোর্ড;
৩। সিস্টেম ম্যানেজার, আইসিটি অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ) এবং
৪। প্রথম সচিব, কর প্রশাসন অধিশাখা, জাতীয় রাজস্ব বোর্ড।

৩০-০৫-২০২৩
মোঃ শামসুদ্দীন
দ্বিতীয় সচিব (কর প্রশাসন-৪)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বিধি-১ শাখা।
(www.mopa.gov.bd)

**পরিপত্র**

নং- ০৫.০০.০০০০.১৭০.০৬.১৫.২২-১২৬

তারিখঃ ০৯ জ্যৈষ্ঠ ১৪৩০
২৩ মে ২০২৩

**বিষয়ঃ মন্ত্রণালয়/বিভাগ এবং এর আওতাধীন দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তরসমূহের ১১-২০ গ্রেডের পদে নিয়োগ/পদোন্নতি/ উচ্চতর গ্রেড প্রদান বিষয়ক কমিটি।**

সরকারের সিদ্ধান্ত অনুযায়ী মন্ত্রণালয়/বিভাগ এবং অধিদপ্তর/পরিদপ্তর এর ক্ষেত্রে রাজস্বখাতভুক্ত ১১-২০ (পূর্বের তৃতীয় ও চতুর্থ শ্রেণি) গ্রেডের পদে সরাসরি নিয়োগ/পদোন্নতির মাধ্যমে পূরণের জন্য পূর্বে জারিকৃত পরিপত্রসমূহ রহিত করিয়া নিম্নরূপ বিভাগীয় নিয়োগ/পদোন্নতি/উচ্চতর গ্রেড প্রদান কমিটি গঠন করা হইল:

**(১) মন্ত্রণালয়/বিভাগ এর জন্য গঠিত বিভাগীয় নিয়োগ/পদোন্নতি/উচ্চতর গ্রেড প্রদান কমিটি:**

**(ক) কমিটির গঠন:**

| | | |
|---|---|---|
| ১। | প্রশাসনিক মন্ত্রণালয়ের যুগ্মসচিব (প্রশাসন) | সভাপতি |
| ২। | জনপ্রশাসন মন্ত্রণালয়ের উপসচিব/সিনিয়র সহকারী সচিব পর্যায়ের একজন প্রতিনিধি | সদস্য |
| ৩। | অর্থ বিভাগের উপসচিব/সিনিয়র সহকারী সচিব পর্যায়ের একজন প্রতিনিধি | সদস্য |
| ৪। | বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের উপপরিচালক/সহকারী পরিচালক পর্যায়ের একজন প্রতিনিধি | সদস্য |
| ৫। | প্রশাসনিক মন্ত্রণালয়ের উপসচিব/ সিনিয়র সহকারী সচিব | সদস্য সচিব |

**(খ) কমিটির কার্যপরিধি:**

(১) সংশ্লিষ্ট নিয়োগবিধির শর্ত পূরণ সাপেক্ষে সকল মন্ত্রণালয়/বিভাগের বেতন স্কেল এর ১১-২০ গ্রেড পদে (বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের আওতা বহির্ভূত) সরাসরি নিয়োগ প্রদানের জন্য সুপারিশ প্রদান;

(২) সংশ্লিষ্ট নিয়োগবিধির শর্ত পূরণ সাপেক্ষে সকল মন্ত্রণালয়/বিভাগের বেতন স্কেল এর ১১-২০ গ্রেডের পদে উচ্চতর টাইম স্কেল/সিলেকশন গ্রেড প্রদানের সুপারিশ (জাতীয় বেতন স্কেল,২০০৯ অনুযায়ী ১৪ ডিসেম্বর, ২০১৫ পর্যন্ত প্রাপ্য বকেয়া);

(৩) কোনো বিশেষজ্ঞ /কারিগরি জ্ঞানসম্পন্ন প্রতিনিধির প্রয়োজন হইলে, সেইক্ষেত্রে সরকারি দপ্তরের একজন উপযুক্ত প্রতিনিধিকে উক্ত কমিটিতে অন্তর্ভুক্ত করা যাইবে।

**(২) সরকারি দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর এর জন্য গঠিত বিভাগীয় নিয়োগ/পদোন্নতি/উচ্চতর গ্রেড প্রদান কমিটি:**

**(ক) কমিটি গঠন:**

| | | |
|---|---|---|
| ১। | দপ্তর/ অধিদপ্তর/পরিদপ্তর এর যুগ্মসচিব/ সমগ্রেডভুক্ত পদের একজন কর্মকর্তা | সভাপতি |
| ২। | জনপ্রশাসন মন্ত্রণালয়ের উপসচিব/সিনিয়র সহকারী সচিব পর্যায়ের একজন প্রতিনিধি | সদস্য |
| ৩। | প্রশাসনিক মন্ত্রণালয়ের উপসচিব/সিনিয়র সহকারী সচিব পর্যায়ের একজন প্রতিনিধি | সদস্য |
| ৪। | বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের উপপরিচালক/সহকারী পরিচালক পর্যায়ের একজন প্রতিনিধি (যদি সম্ভব হয়) | সদস্য |
| ৫। | দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর এর উপপরিচালক বা সমপর্যায়ের একজন কর্মকর্তা | সদস্য সচিব |

**(খ) কমিটির কার্যপরিধি:**

(১) সংশ্লিষ্ট নিয়োগবিধির শর্ত পূরণ সাপেক্ষে দপ্তর/ অধিদপ্তর/পরিদপ্তরের বেতন স্কেল এর ১১-২০ গ্রেড পদে (বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের আওতা বহির্ভূত) সরাসরি নিয়োগ প্রদানের জন্য সুপারিশ প্রদান;

(২) সংশ্লিষ্ট নিয়োগবিধির শর্ত পূরণ সাপেক্ষে দপ্তর/ অধিদপ্তর/পরিদপ্তরের বেতন স্কেল এর ১১-২০ গ্রেড পদে গ্রেডের পদে উচ্চতর টাইম স্কেল/সিলেকশন গ্রেড প্রদানের সুপারিশ (জাতীয় বেতন স্কেল, ২০০৯ অনুযায়ী ১৪ ডিসেম্বর, ২০১৫ পর্যন্ত প্রাপ্য বকেয়া);

(৩) কোনো বিশেষজ্ঞ/কারিগরি জ্ঞানসম্পন্ন প্রতিনিধির প্রয়োজন হইলে, সেইক্ষেত্রে সরকারি দপ্তরের একজন উপযুক্ত প্রতিনিধিকে উক্ত কমিটিতে অন্তর্ভুক্ত করা যাইবে।

(৪) কমিটিতে সমপর্যায়ের কর্মকর্তা না থাকিলে সেইক্ষেত্রে উর্ধ্বতন পর্যায়ের কর্মকর্তাকে অন্তর্ভুক্ত করা যাইবে;

২। যে সমস্ত অধিদপ্তর/পরিদপ্তরের প্রধান কার্যালয় ঢাকার বাহিরে সে সমস্ত অধিদপ্তর/পরিদপ্তরের জন্য গঠিত বিভাগীয় নির্বাচন/বাছাই কমিটিতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের পক্ষে সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসক কর্তৃক মনোনীত জেলা অফিসে কর্মরত অতিরিক্ত জেলা প্রশাসক প্রতিনিধিত্ব করিতে পারিবেন। তদরূপ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় এবং সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রণালয় ও অন্যান্য মন্ত্রণালয় প্রয়োজন হইলে ঢাকার বাহিরে অবস্থিত কমিটি সমূহে তাহাদের বিভাগীয় অফিস হইতে প্রতিনিধি মনোনয়ন দিতে পারিবেন।

৩। প্রশাসনিক বিভাগ ও জেলা পর্যায়ের বিভিন্ন দপ্তর তাহাদের আওতাধীন অফিসসমূহে যে সকল নন গেজেটেড পদ নিজেরা পূরণ করিয়া থাকেন, তাহাদের জন্য প্রার্থী বাছাইয়ের দায়িত্ব ২৪-০৪-১৯৭৬ তারিখের ইডি/আর-১/এম-৫/৭৬-৫৯ নম্বর অফিস আদেশের মাধ্যমে Divisional Selection Board এর উপর ন্যস্ত করা হইয়াছে, যা এখনও বলবৎ আছে। উক্ত বোর্ড নিম্নোক্ত শ্রেণির নন গেজেটেড পদে নিয়োগ ও পদোন্নতি বিবেচনা করিবেনঃ—

(১) বিভিন্ন অধিদপ্তর ও পরিদপ্তরের বিভাগীয় পর্যায়ের পদসমূহ যাহা অধিদপ্তর/পরিদপ্তর প্রধান কর্তৃক কেন্দ্রীয়ভাবে পূরণ করা হয় না;

(২) জেলা ও আওতাধীন দপ্তরসমূহের পদসমূহ।

৫। উপরোক্ত সিদ্ধান্ত যথাযথভাবে অনুসরণ এবং প্রশাসনিক নিয়ন্ত্রণাধীন সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষকে অবহিত করিবার অনুরোধ করা হইল।

৬। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

২৫/০৪/২০২৫

(মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী)
সিনিয়র সচিব

বিতরণঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/ মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
২। সিনিয়র সচিব/সচিব, ..............................................................সকল মন্ত্রণালয়/বিভাগ। (তাঁহার আওতাধীন মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/সংস্থা/দপ্তর/প্রতিষ্ঠানকে অবহিত করিবার অনুরোধসহ)
৩। হিসাব মহা নিয়ন্ত্রক, হিসাব মহা নিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৪। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
৫। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশের জন্য এবং গেজেটের ১০০ শত কপি প্রেরণের অনুরোধসহ)।
৬। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।